

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

তারিখঃ ০৫ জুন ২০১৮ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৪.০৫.২০১৭-৭৯৮

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ

সিজিএ ভবন (৫ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্থানীয় সরকার বিভাগের অধীন 'মাতুয়াইল স্যানিটারী ল্যান্ডফিল সম্প্রারণসহ ছ্মি উন্নয়ন' শীর্ষক প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত টাকার ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তি প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৩১ মে ২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০১৪.০৫.২০১৭-৭৭০ নম্বর সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী অর্থ বিভাগের ০৫/০৬/২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০৪০.২০১৭-৪০২ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে জিওবি খাতের বরাদ্দ হইতে নিম্নরূপ অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করিতেছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত পিসিপি অনুমোদিত/অনুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ (লক্ষ টাকায়)	মূলধন খাতের অর্থ (লক্ষ টাকায়)	মোট অবমুক্ত অর্থ (লক্ষ টাকায়)
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কোড নং-৫-৩৭-৩৭০৫-৫০৮৬-XXXX	'মাতুয়াইল স্যানিটারী ল্যান্ডফিল সম্প্রারণসহ ছ্মি উন্নয়ন' কোড নং-৫-৩৭-৩৭০৫-৫০৮৬-XXXX	অনুমোদিত	৩য় ও ৪র্থ	১৮০.০০	৩৬৯৫৭.০০	৩৭১৩৭.০০

১। এই অর্থ খরচে নিম্নোক্ত শর্ত প্রতিপালন করতে হবেঃ

- (১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিসিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (৩) অনুমোদিত ডিপিপির প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
- (৪) প্রকল্পটির অনুকূলে ছাড়কৃত অর্থ অনুমোদিত প্রকল্পের অনুমোদিত অপের সংস্থান অনুযায়ী ব্যয় করতে হবে;
- (৫) প্রকল্পের আওতায় গাড়ী ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে এবং নিজস্ব তহবিলের অংশ যথাযথভাবে ছাড়ের ব্যবস্থা করতে হবে।
- (৬) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

২। এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০১৭-২০১৮) বার্ষিক উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত নং-৫-৩৭-৩৭০৫-৫০৮৬-XXXX প্রকল্প কোড হইতে বহন করা হইবে।

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুষ্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহিভূত)

৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না। পরবর্তী কিস্তির অর্থ প্রাপ্তির প্রস্তাবের সহিত প্রয়োজনীয় সকল ছকসহ ব্যাংক বিবরণী অবশ্যই প্রেরণ করিতে হইবে।

৫। বিধি-বিধান অনুসরণ পূর্বক মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন।

(মোঃ মাহমুদুল আলম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫

তারিখঃ ০৫ জুন ২০১৮ খ্রিঃ।

নং-৪৬.০০.০০০০.০৭০.০১৪.০৫.২০১৭-৭৯৮/১(৮)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৩) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- (৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৫) প্রকল্প পরিচালক, 'মাতুয়াইল স্যানিটারী ল্যান্ডফিল সম্প্রারণসহ ছ্মি উন্নয়ন, ঢাকা।
- (৬) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- (৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৮) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

(মোঃ মাহমুদুল আলম)

উপসচিব

৩১৩